দৈনিক সংবাদ

তারিখ 06 NOV 1998

পৃষ্ঠা ১২ কলাম ৭

114

# বিশ্ববিদ্যালয়গুলোতে একাধিক প্রোভিসি সংসদে বিল

(সংসদ বার্তা পরিবেশক)

সরকার ঢাকা, চট্টগ্রাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একাধিক প্রোভিসি নিয়োগে উদ্যোগ নিচ্ছে। এ জন্যে শিক্ষা মন্ত্রণালয় গতকাল বৃহস্পতিবার, জাতীয় সংসদে পৃথক তিনটি বিল উথাপন করেছে।

অবশ্য একাধিক প্রোভিসি নিয়োগের এই ব্যবস্থাকে বিএনপি সাংসদগণ বিশ্ববিদ্যালয়কে দলীয়করণের চেষ্টা বলে অভিযোগ করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পর্কিত বিল উথাপনের বিরোধিতা করে বিএনপির ডঃ মঈন খান বলেন, এই ব্যবস্থা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের বিরোধী। এর মাধ্যমে সরকার ইচ্ছামতো তাদের সমর্থকদেরকে প্রোভিসি বানিয়ে বিশ্ব-বিদ্যালয় প্রশাসনকে কুক্ষিগত করবে। এছাড়াও এ ব্যবস্থার মাধ্যমে বিশ্ব-বিদ্যালয়ের প্রশাসনিক ব্যয় বাড়বে।

চট্টগ্রাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একাধিক প্রোভিসি নিয়োগ সংক্রান্ত বিল দুটি উথাপনের সময় একই ভাষায় আপত্তি জানান বিএনপির মশিউর রহমান এবং মেজর (অবঃ) আখতারুজ্জামান। তবে কণ্ঠভোটে তাদের আপত্তি নাকচ হয়ে যায়। ফলে বিলগুলো উথাপিত হয়।